পরিদর্শকের বার্তা

প্রিয় বন্ধুরা,

এটা বিশ্বাস করা কঠিন যে একটি নতুন জাতীয় উদ্যান হিসাবে গ্রেট ফলস্ প্রতিষ্ঠিত হয়েছে এক বছর হয়ে গেল আর প্রথম পরিদর্শক হিসাবে আমাকে এখানে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়েছিল। প্যাটারসনের স্থানীয় বাসিন্দা, এবং যাঁর পরিবার এই শহরে বসবাস করেছেন এবং কাজ করেছেন এমন একজন হিসাবে আমার পক্ষে প্রতিদিন গ্রেট ফলসে কাজ করতে আসা একটা বিশেষ সুবিধা ছিল এবং এখনও তা আছে। আরও গুরুত্বপূর্ণ বিষয় হল এই যে, আমি প্যাটারসনের অনেক বাসিন্দা এবং আশপাশের গোষ্ঠীর মানুষজনের দ্বারা ক্রমাগত অনুপ্রাণিত হতে থাকি, যাঁরা তাঁদের ঘরের পাশেই একটি বিশাল জাতীয় উদ্যান গড়ে তোলার বিষয়ে দায়বদ্ধ ও আমাদের ভবিষ্যত পরিকল্পনা করতে স্বেচ্ছায় তাঁদের সময় ও ক্ষমতা দিয়েছেন।

এই নিউজলেটারের পাতায় যেমন তুলে ধরা হয়েছে, আমাদের প্রথম বছরটি ছিল খুব সক্রিয় এবং পরিকল্পনার প্রচেষ্টা আকার পেতে শুরু করেছে। ন্যাশনাল পার্ক সার্ভিস পার্কের অংশ হিসাবে প্রথম জমি অধিগ্রহণ প্রক্রিয়া শুরু করেছে। এমতাবস্থায়, আমরা কম্যুনিটি পার্টনার, শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, সিটি অব প্যাটারসন, প্যাটারসন মিউনিসিপ্যাল ইউটিলিটি অথরিটি, ও অন্যান্যদের সঙ্গে নতুন কার্যক্রমের বিকাশ ঘটাতে ও কিছু উৎকর্ষসাধন প্রকল্প হাতে নিতে শুরু করেছি। আমরা উদ্যানের প্রথম বনরক্ষী নিয়োগ করেছি এবং উদ্যানের জন্য ভিআইপি (ভলান্টিয়ার ইন পার্কস) ও জুনিয়র রেঞ্জার কার্যক্রম শুরু করছি।

আমরা পরিকল্পনা প্রক্রিয়ার এমন এক স্তরে রয়েছি যেখানে গ্রেট ফলসের ভবিষ্যৎ ব্যবস্থাপনা সংক্রান্ত দুরদৃষ্টিগুলি সামনে আসছে, আপনাদের মত মানুষদের মতামতের জন্য অনেক ধন্যবাদ। আমরা উদ্যানটিকে যেভাবে দেখতে চাইছি, আমরা শীঘ্রই সে ব্যাপারে আপনাদের চিন্তাভাবনা জানতে চাইব। আমাদের ভবিষ্যৎ দর্শনার্থীরা যখন গ্রেট ফলসে আসবেন তখন তাঁদের কি ধরনের অভিজ্ঞতা আমরা দিতে পারব সে বিষয়ে আপনারা উত্তর দিয়ে সাহায্য করে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেন। আপনি যখন একটি জাতীয় ঐতিহাসিক জেলার মধ্যে অপরূপ সুন্দর প্রাকৃতিক দৃশ্যাবলী বিবেচনা করেন, একই সঙ্গে আমদের পূর্বের প্যাারসনীয়দের ঐতিহ্যমণ্ডিত ইতিহাস এবং বর্তমানে এখানকার বাসিন্দাদের ইতিহাস, সব মিলিয়ে একটি জাতীয় উদ্যান হিসাবে গন্তব্যস্থল দেখতে গেলে আমাদের অনেক কিছুই দেওয়ার আছে।

আপনাদের জড়িত থাকার জন্য এবং আপনাদের শহর ও জাতীয় উদ্যানের প্রতি ত্যাগের জন্য আবারও ধন্যবাদ। আপনি www.nps.gov/pagr-এ আমাদের ওয়েবসাইট দেখার মাধ্যমে ও ফেসবুকে www.facebook.com/PatersonGreatFalls আমাদের লাইক করার মাধ্যমে আমাদের বিষয়ে অবগত থাকতেও আমাদের সঙ্গে যুক্ত থাকতে পারেন।

আন্তরিকতা সহ,

ড্যারেন বখ, পরিদর্শক
প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক

উদ্যানের প্রথম বছর দারুণ কর্মব্যস্ততায় কেটেছে। কর্মচারী, পৌরগোষ্ঠীসমূহ, স্থানীয় অলাভজনক সংস্থাগুলি, এবং প্যাটারসনের নাগরিকেরা জাতির ৩৯৭তম জাতীয় উদ্যানটি গঠনের জন্য অগণিত সময় উৎসর্গ করেছেন। একত্রে কাজ করে আমরা উদ্যানটির চেহারা উন্নত করেছি, নতুন কার্যক্রম ও ক্রিয়াকলাপ চালু করেছি, এবং আমাদের পরিকল্পনা প্রক্রিয়া জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যান (জিএমপি)-এর পরবর্তী স্তরে এগিয়ে গিয়েছি। আমরা যে সমস্ত কার্যকলাপে নিযুক্ত তার অন্তর্ভুক্ত হল -

উদ্যানের সৌন্দর্যায়ন

আমাদের সকল স্বেচ্ছাসেবীদের ধন্যবাদ জানাই যাঁরা উদ্যানের দৃশ্যাবলী পরিষ্কার করতে এবং পরিবর্তন করতে সাহায্য করেছেন। গ্রেট ফলস্ ইয়ুথ কর্পসের নেতৃত্বে, এই গ্রীষ্মে আপার রেসওয়ে পার্ক, গ্রেট ফলসের চারপাশের এলাকা, এবং প্যাটারসন-এর ঐতিহাসিক জেলা জুড়ে পরিষ্কার করার প্রচেষ্টা চালানো হয়। তার উপর, মেরী এলেন ক্র্যামের পার্কে একটি প্রজাপতি বাগান লাগানো হয়েছে এবং একদল স্বেচ্ছাসেবী ওভারলুক পার্কের ঘন্টাটি ঘিরে একটি নতুন বাগানের নকশা করেছেন ও লাগিয়েছেন।

গেটিসবার্গ ন্যাশনাল মিলিটারী পার্ক থেকে ন্যাশনাল পার্ক সার্ভিস (এন.পি.এস)-এর সংরক্ষণবাদীরা এই গ্রীষ্মে ওভারলুক পার্কের আলেকজান্ডার হ্যামিল্টন-এর মূর্তি পরিষ্কার ও রক্ষণাবেক্ষণের কাজে ব্যস্ত ছিলেন। ইতিমধ্যে এনপিএস-এর ভূদৃশ্য সংরক্ষণের জন্য ওল্মস্টেড সেন্টার মেরী এলেন ক্র্যামের এবং ওভারলুক পার্কের জন্য ভূদৃশ্য উন্নত করার নকশা করেছে এবং আমরা সিটি অব প্যাটারসন, নিউ জার্সী স্টেট ও অন্যান্যদের সঙ্গে নিয়ে এই পরিকল্পিত উন্নয়নগুলিকে বাস্তব করে তুলতে কাজ করছি। এস.ইউ.এম বিল্ডিং-এ নিরাপত্তা ও প্রবেশ সংক্রান্ত উন্নয়নও করা হয়েছে এবং ওভারলুক পার্কে একটি স্প্রিংহাউজ পুনরায় চালু করার জন্য নতুন হ্যান্ড রেলও লাগানো প্রয়োজন।

নতুন কর্মসূচী ও কার্যকলাপ

নিউ জার্সি কম্যুনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে অংশীদারিত্বে গ্রেট ফলস্ ইউথ কর্পস-এর সঙ্গে পার্কের আরও একটি বছর সফলভাবে কেটে গেল। আমরা এই বছরে প্যাটারসন এডুকেশন ফান্ড (পি.ই.এফ)-এর সঙ্গে নতুন সহযোগিতামূলক চুক্তির মাধ্যমে নতুন যুব কর্মসূচী ও শিক্ষা প্রসার কার্যক্রম শুরু করেছি। পি.ই.এফ-এর সঙ্গে, উদ্যান এই শহরে অ-লাভজনক "রকিং দ্য বোট" নামে কর্মসূচী নিয়ে আসে যাতে শিক্ষকদের জন্য একটি কর্মশালা তৈরি করে স্কুলের বাচ্চাদের প্যাসাইক রিভারে নিয়ে গিয়ে দেখানো যায় যে এই উদ্যানকে কিভাবে একটি শ্রেণীকক্ষ হিসাবে ব্যবহার করতে হয়। তার সঙ্গে, উদ্যান সিটি অব প্যাটারসনের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে যাতে উদ্যানে আগামীদিনে যুবাদের জন্য আরও সুযোগ সৃষ্টি করা যায়।

উদ্যানের নিজস্ব জুনিয়র পার্ক রেঞ্জার ও ওয়েব রেঞ্জার প্রোগ্রামও শুরু করা হয়েছে। জুনিয়র রেঞ্জার প্রোগ্রাম অংশগ্রহণকারীদের তাঁদের জাতীয় উদ্যানের বিষয়ে আরও শিখতে এবং শিক্ষা সম্পূর্ণ হলে অফিসিয়াল ব্যাজ ও শংসাপত্র অর্জন করার সুযোগ দিচ্ছে। ওয়েব রেঞ্জার প্রোগ্রাম আমাদের জাতীয় উদ্যানের বিষয়ে ইন্টারনেটের মাধ্যমে অংশগ্রহণকারীদের শিক্ষাগ্রহণ করার সুযোগ প্রদান করে।

উদ্যানের প্রথম রেঞ্জার

আসুন, আমাদের উদ্যানের নতুন রেঞ্জার ইলিসে গোল্ডম্যানকে স্বাগত জানাই। রেঞ্জার ইলিসে এন.পি.এস-এর ১৪-বছর অভিজ্ঞতা নিয়ে এসেছেন এবং তাঁকে উদ্যানের শিক্ষাগত ও ব্যাখ্যামূলক কর্মসূচীগুলির বিকাশ ঘটানোর দায়িত্ব দেওয়া হবে। নিউ জার্সির ফেয়ার লন থেকে আগত রেঞ্জার ইলিসে প্যাটারসনের ইতিহাসের সঙ্গে অত্যন্ত পরিচিত এবং উদ্যানের দর্শনার্থীদের সঙ্গে সেই ইতিহাস ভাগ করে নেওয়ার ব্যাপারে স্থানীয় সম্প্রদায়ের সঙ্গে কাজ করছেন।

জি.এম.পি পরিকল্পনা সংক্রান্ত অবস্থান

আপনাদের অনেকেই গত নভেম্বর অনুষ্ঠিত ওপেন হাউজগুলিতে অংশগ্রহণ করেছিলেন এবং আপনাদের জাতীয় উদ্যানে কি দেখতে চান সেই বিষয়ে মতামত দিয়েছিলেন। সেই ওপেন হাউজগুলি থেকে এই নিউজলেটারে পরিকল্পনা ও মতামত উপস্থাপিত করা হয়েছিল এবং উদ্যানের ওয়েবসাইটেও তা পাবেন। ওপেন হাউজগুলির সঙ্গে, পরিকল্পনা দল পরিকল্পনা প্রক্রিয়ার পরবর্তী পদক্ষেপগুলি সম্পূর্ণ করতে ব্যস্ত।

স্থাপত্য, ইতিহাস, ব্যাখ্যা, এবং প্রাকৃতিক সম্পদ সহ বিভিন্ন ক্ষেত্রে জাতীয় ও আঞ্চলিক স্তরের পণ্ডিতদের সঙ্গে আমাদের দল অনেকগুলি সভা করেছেন। প্যাটারসন গ্রেট ফলস্ ফেডারেল অ্যাডভাইসরি কমিশন এবং অন্যান্যদের পরামর্শক্রমে, আমরা খসড়া রচনার গুরুত্বপূর্ণ কাজ হাতে নিয়েছি যাকে উদ্যানের ফাউন্ডেশন ডকুমেন্ট বলা হচ্ছে।

আমরা এই নিউজলেটারে উপস্থাপিত তথ্যের বিষয়ে আপনাদের মন্তব্য, চিন্তাভাবনা, এবং/অথবা ধ্যানধারণা জানানোর জন্য আমন্ত্রণ জানাচ্ছি, বিশেষত ফাউন্ডেশন ফর প্ল্যানিং (পরিকল্পনার ভিত্তি) (পৃষ্ঠা ৯-১১) শীর্ষক বিভাগটির উপর। নিম্নলিখিত কোনো একটি উপায়ে পরামর্শ ও মতামত গৃহীত হবে - আমাদের উদ্যানের পরিকল্পনা সংক্রান্ত ওয়েবপেজ (parkplanning.nps.gov/pagr) আসুন এবং একটি মন্তব্য পত্র পূরণ করুন, আপনার মন্তব্য ইমেইল করুন pagr_gmp@nps.gov ঠিকানায়, অথবা আমাদের উদ্যানের ওয়েবসাইট (www.nps.gov/pagr) থেকে একটি মন্তব্য পত্র ডাউনলোড করে ও পূরণ করে সেখানে দেওয়া ঠিকানায় ডাক মারফৎ পাঠিয়ে দিন।

ফেডারেল অ্যাডভাইসরি কমিশন

প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক প্রতিষ্ঠানকে অনুমোদন প্রদানকারী কংগ্রেসের আইনপরিষদ ফেডারেল অ্যাডভাইসরি কমিশনের একটি প্রতিষ্ঠানকে উদ্যানের জি.এম.পি সৃষ্টি করার ব্যাপারে এন.পি.এস এবং অন্যান্য সংস্থাকে পরামর্শদানের দায়িত্ব প্রদান করছে।

প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিকাল পার্কের ফেডারেল অ্যাডভাইসরি কমিশন সদস্যরা হলেন:

- ডঃ. লেসলি অ্যাগার্ড জোনস্, প্রাক্তন ডিন, শিক্ষা, উইলিয়াম প্যাটারসন ইউনিভার্সিটি
- সুসান কোল, প্রেসিডেন্ট, মন্টক্লেয়ার স্টেট ইউনিভার্সিটি
- রবার্ট গুয়ার্স্কি, এক্সিকিউটিভ ডিরেক্টর, নিউ জার্সি কম্যুনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশন
- জেফ্রি জোনস্, মেয়র অব প্যাটারসন, নিউ জার্সি
- লরেন্স এফ. ব্রামের, প্রাক্তন মেয়র ও প্যাটারসনের আজীবন বাসিন্দা
- জেম্স পিপার, প্রাক্তন ন্যাশনাল পার্ক সার্ভিস কার্যকর্তা
- থমাস রুনি, প্রাক্তন প্যাটারসন মেয়র ও পারিষদ
- লিওনার্ড জ্যাক্স, প্রেসিডেন্ট, হ্যামিল্টন পার্টনারশিপ ফর প্যাটারসন

ঘোষণা ও আগামী সভার তারিখ জানতে অনুগ্রহ করে অ্যাডভাইসরি কমিশনের ওয়েবসাইট দেখুন (www.nps.gov/pagr/parkmgmt/federal-advisory-commission)

২০১১-র শরতে, আমরা প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক (এন.এইচ.পি)-র ভবিষ্যৎ কল্পনা করার জন্য আমন্ত্রণ জানিয়েছিলাম। প্রথম জি.এম.পি নিউজলেটার চালু করা হয়েছিল এবং ইংরেজি, স্প্যানিশ, আরবি ও বাংলাতে ৩০০০ কপিরও বেশি ছাপা হয়েছিল। নিউজলেটারগুলি ডাকযোগে পাঠানো হয়েছিল, প্যাটারসন সিটি জুড়ে বিতরণ করা হয়েছিল, এবং উদ্যানের ওয়েবসাইটে পোস্ট করাও হয়েছিল। নিউজলেটার ছাড়াও, নভেম্বরের মাঝামাঝি প্যাটারসন সেন্টার সিটি মল, দ্য ব্রাউনস্টোন হাউস, এবং নিউ জার্সি কম্যুনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনে তিনটি ওপেন হাউজ আয়োজন করা হয়েছিল।

ওপেন হাউজগুলির মুখ্য আলোকপাত ছিল আপনাদের কথা শোনা। আমরা প্যাটারসন গ্রেট ফলস্ এন.এইচ.পি-কে ভবিষ্যতে কেমন দেখতে চাই সেই সংক্রান্ত একটি চিত্র গঠনে পরিকল্পনা দলকে সাহায্যের জন্য পাঁচটি গুরুত্বপূর্ণ প্রশ্নের উপর আপনাদের মতামত চেয়েছিলাম:

- গ্রেট ফলস্ ও তার আশপাশের ঐতিহাসিক ভবনগুলির সংক্রান্ত বিষয়ে আপনার কাছে সবথেকে বিশেষ কোনটি?
- প্যাটারসনের ঐতিহ্য সবচেয়ে ভালভাবে বর্ণনার ক্ষেত্রে কোন কোন সম্পদগুলি আপনার যথাযোগ্য বলে মনে হয়?
- কি ধরনের কার্যকলাপ, কর্মসূচী, এবং সুবিধা থাকা উচিৎ বলে আপনি মনে করেন?

> *"শহরের মধ্যবর্তী স্থলে একটি ভূতাত্ত্বিক বিস্ময়"*

- পার্কে আপনাদের সাহায্য পেতে ও আপনাদের ব্যবহারের জন্য কোন কোন সমস্যা সমাধান হওয়া প্রয়োজন বলে আপনার মনে হয়?
- এই বিশেষ স্থানটিকে কিভাবে এন.পি.এস ও অন্যান্য অংশীদাররা সবচেয়ে ভালভাবে নিরাপত্তা দিতে এবং সংরক্ষণ করতে পারবেন?

ওপেন হাউজ চলাকালীন আপনাদের মধ্যে অনেকেই আমাদের সঙ্গে কথা বলেছিলেন, ভিডিও সাক্ষাৎকার দিয়েছিলেন, চিন্তাভাবনা, ধারণা ও পরামর্শ দিয়ে মন্তব্যের কার্ড পূরণ করেছিলেন, আমাদের প্রথম নিউজলেটার পড়েছেন, অথবা আমাদের ওয়েবসাইটের মাধ্যমে পরিকল্পনা প্রক্রিয়ায় যুক্ত ছিলেন। আমরা কয়েকশো মন্তব্য ফর্ম ও ভিডিও সাক্ষাৎকার পেয়েছি, সিটি অব প্যাটারসন তাদের কর্মীদের ৫০ পাতার একত্রিত মন্তব্য জমা দিয়েছে, প্যাটারসনের স্কুল নং ৭ তাদের পঞ্চম গ্রেডের ছাত্রছাত্রীদের দেওয়া একটি লিখিত পত্রগুলি জমা দিয়েছে যেখানে জানতে চাওয়া হয়েছিল যে তারা উদ্যানে কি দেখতে চায়, আর স্কুল নং ৫ ছাত্রছাত্রীদের উদ্যান উন্নয়ন সংক্রান্ত ধারণা নিয়ে তৈরি মডেলগুলির ছবি জমা দিয়েছে।

আপনারা আমাদের প্রশ্নের যে উত্তরগুলি দিয়েছেন নিচে তার এবং আপনাদের অন্যান্য ধারণা ও ভাবনার সারসংক্ষেপ দেওয়া হল। উত্তরগুলির একটি সম্পূর্ণ রিপোর্ট উদ্যানের ওয়েবসাইট www.nps.gov/pagr-এ এবং এন.পি.এস পরিকল্পনা ওয়েবসাইট http://parkplanning.nps.gov/pagr-এ দেখুন।

আপনার কাছে উদ্যানের সবথেকে মূল্যবান কি

"...নদী, জলপ্রপাত, রেসওয়েজ - তার সাথে পড়ে থাকা মিলগুলো একসঙ্গে আবিষ্কার, নবপ্রবর্তন ও শিল্পের এক আকর্ষক গল্প বলে।"

আমরা প্রায়শই যে মনোভাব শুনি তা হল গ্রেট ফলস্ ও পারিপার্শ্বিক নিসর্গ সম্পর্কে আপনাদের প্রশংসা। আপনারা আমাদের বলেছেন যে আপনারা এর সৌন্দর্য ও প্রশান্তির জন্য এই স্থানটির মূল্য দেন এবং আপনারা জানিয়েছেন যে এই স্থানটি নির্জনতা ও আত্মচিন্তার জন্য ব্যবহার করেন। অন্যান্যরা বনভোজন, পরিব্রজন, ও মাছ ধরা সহ এই এলাকা যে সমস্ত বিনোদনের সুযোগ দিয়েছে সেই কারণে প্রশংসা করেছেন।

আপনারা এও জানিয়েছেন যে আপনাদের কাছে হিস্টোরিক ডিস্ট্রিক্ট-এর মিল বিল্ডিংগুলি খুব মূল্যবান। প্রচুর সংখ্যক মন্তব্য উল্লেখ করেছে যে এই বিল্ডিং বা ভবনগুলি মনে করিয়ে দেয় প্যাটারসন কিভাবে আমেরিকার শিল্প ইতিহাসে এত গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছিল।



অসংখ্য মন্তব্যে গ্রেট ফলসের প্রাকৃতিক শক্তির উৎসের সঙ্গে প্যাটারসনের শিল্প সংক্রান্ত যোগসূত্রের উল্লেখ করা হয়েছে। অনেকেই শিল্পে ব্যবহারের জন্য সেই শক্তিকে কাজে লাগানোর ক্ষেত্রে আলেকজান্ডার হ্যামিল্টন ও অন্যান্যদের উদ্ভাবনকুশলতার প্রশংসা করেছেন। রেসওয়েজ ও বাঁধগুলি সহ সম্পূর্ণ জলবিদ্যুৎ ব্যবস্থা আপনাদের অনেকের বিশেষ আগ্রহের বিষয় যা প্রাকৃতিক শক্তির উৎস হিসাবে জলের ব্যবহারের ব্যাখ্যা করতে শেখায়।

আপনারা অনেকেই প্যাটারসনের ঐতিহ্যে গর্ব প্রকাশ করেছেন। সেইসব দেশীয় আমেরিকানরা একসময় জলপ্রপাতের আশপাশে বসবাস করতেন এবং বহিরাগত যাঁরা মিলে কাজ করতেন আর প্যাটারসনে তাঁদের জীবন উন্নততর করার জন্য সংগ্রাম করেছেন তাঁদের কথাও আপনারা উল্লেখ করেছেন। সামগ্রিকভাবে, আপনাদের মধ্যে বেশিরভাগই আরও শেখার ইচ্ছা প্রকাশ করেছেন এবং সিটি অব প্যাটারসনকে প্রতিষ্ঠিত করার জন্য কাজ করা মানুষজনের বিষয়ে অন্যদের জানিয়েছেন।

আপনাদের ভাবনা

"অবশিষ্ট ভবনগুলি শহরের ইতিহাসের প্রত্যক্ষ চিত্র তুলে ধরে।"

আপনাদের বেশিরভাগ উদ্যানের সামগ্রিক পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে আপনাদের উদ্বেগ প্রকাশ করেছেন। আপনারা অনেকেম্প নদীর ধারে নোংরা ও ধুলোবালির পরিমাণ নিয়ে চিন্তিত ছিলেন। অন্যান্যদের চিন্তা ছিল উদ্যানের ভবনগুলি ও অন্যান্য সুযোগসুবিধা রক্ষণাবেক্ষণের বিষয়ে। উদ্যানে অতিরিক্ত ভূদৃশ্য সৃষ্টির জন্য অনেকে অনুরোধ করেছেন যাতে এটি আরও সুন্দর হয়।

আপনারা অনেকে উদ্যানের সুরক্ষার বিষয়ে উদ্বেগ জানিয়েছেন। বিশেষত উদ্যানের দূরতর স্থানগুলিতে অতিরিক্ত আলো ও প্রহরার প্রয়োজন তুলে ধরেছেন। আমরা উদ্যানের কার্যসময় পরবর্তী প্রবেশ ও বর্বরতা নিয়েও আপনাদের দুশ্চিন্তা দেখেছি।

বর্তমানে উদ্যানের সুবিধাগুলি নিয়েও আপনাদের চিন্তা রয়েছে। অনেকে জনবিশ্রামাগার, অতিরিক্ত বেঞ্চি, বনভোজনের স্থান, এবং আরও বড় জমায়েত বা কম্যুনিটি ইভেন্টের স্থানের প্রয়োজন জ্ঞাপন করেছেন। অনেকে বলেছেন দর্শনার্থীদের উদ্যানের পথনির্দেশের জন্য রাস্তায় আরও চিহ্ন লাগানো দরকার। অন্যরা দর্শনার্থীদের দিকনির্দেশ ও ঐতিহাসিক ভিত্তিভূমি জানাতে উদ্যানের ভিতরে আরও সাইনবোর্ড লাগানোর পরামর্শ দিয়েছেন।

> *"এটা এমন কিছু যা সকলের দেখা ও উপভোগ করা প্রয়োজন"*

ভবিষ্যৎ কর্মসূচি

"ভ্রমণের মধ্যে প্রাকৃতিক সম্পদ (ভূপ্রাকৃতিক গঠন) ও মিলের ইতিহাস, বিশেষত শ্রমিক আন্দোলনের ব্যাখ্যা পাওয়া যায়"

আপনারা উদ্যানে যে কার্যকলাপ দেখতে চান সে বিষয়ে আমরা বহু পরামর্শ পেয়েছি। আপনাদের বেশিরভাগ মানুষই শিক্ষামূলক ভ্রমণ, পুস্তিকা, এবং সাইন আশা করেন। আপনাদের অনেকেই জনসাধারণের ব্যবহারের জন্য একটি পাঠাগার এবং/অথবা গবেষণার সুযোগ সৃষ্টির পরামর্শ দিয়েছেন।

অনেকেই উদ্যানের মধ্যে আরও বিনোদনের সুযোগ চেয়েছেন। হাঁটা ও বাইক চালানোর নতুন রাস্তা, নৌকা চালানো ও মাছ ধরার জন্য নদীতে যাওয়ার অনুমতি, এবং বসা ও বনভোজনের জন্য আরও স্থানের জন্য আপনারা অনুরোধ করেছেন। বিশেষ জন-অনুষ্ঠান যেমন উৎসব, শিল্প প্রদর্শনী, ও ক্লাসের জন্যে ব্যবহার করা যাবে বহিরাঙ্গনের এমন উন্মুক্ত স্থান চেয়ে অনুরোধ করেছেন অনেকে।

আপনাদের মধ্যে কিছু লোক উদ্যানের জন্য অংশীদারিত্বের উপর জোর দিয়েছেন। আপনারা স্থানীয় সরকার ও ব্যক্তিগত সংস্থার সঙ্গে অংশীদারিত্বের পরামর্শ দিয়েছেন যাতে বিভিন্ন ধরনের কর্মসূচি নেওয়া যায়। আপনাদের প্রদত্ত কিছু উদাহরণের মধ্যে রয়েছে ঐতিহাসিক ভ্রমণের জন্য জাদুঘরের সঙ্গে অংশীদারিত্ব, এবং এলাকায় শ্রমিক সংগ্রামের কাহিনী জানানোর জন্য স্থানীয় ইতিহাসচর্চাকারী গোষ্ঠীর সঙ্গে অংশীদারিত্ব।

জিএমপি'র প্রথম পর্যায়গুলিতে, সর্বাপেক্ষা কঠিন সমস্যাসমূহ যা জিএমপি'র সমাধান করা উচিত, এবং সেই সাথে পার্কটিকে অপেক্ষাকৃত একটি সুন্দর স্থানে পরিণত করতে ধারণাসমূহ জনসাধারণ এবং এনপিএস কর্মচারীরা চিহ্নিত করেছেন। প্রথম জিএমপি নিউজলেটারে এবং পাবলিক ওপেন হাউসে, মানুষজনকে জিজ্ঞাসা করা হয়েছিল যে তারা প্যাটারসন গ্রেট ফলস এনএইচপি-এর ব্যাপারে সর্বাপেক্ষা বেশি কি গুরুত্ব দেয় এবং উপভোগ করেন এবং পার্কের ভবিষ্যৎ ব্যবস্থাপনার জন্য তাদের কি কি উদ্বেগ এবং পরামর্শ ছিল। সমস্ত মন্তব্য বিশ্লেষণের পরে, সর্বাপেক্ষা প্রাসঙ্গিক পরিবল্পনা বিষয় এবং সুযোগকে শনাক্ত করা হয়েছিল। পরিবল্পনা দলও বিকশিত করেছিল সিদ্ধান্ত বিষয়গুলি- প্রধান প্রশ্নাবলী যা পরিবল্পনা দলকে সাধারণ ব্যবস্থাপনা পরিবল্পনা এবং বৈকল্পিক উন্নতিসাধনের মাধ্যমে অবশ্যই সমাধান করতে হবে।

নিম্নলিখিত বিভাগটি প্রধান পরিবল্পনা সমস্যাগুলি যা নতুন জিএমপি সমাধান করবে তার সারাংশ প্রদান করে। এই সমস্ত বিষয়গুলি সমাধান করতে বিভিন্ন উপায়সমূহের সম্ভাব্য পরীক্ষা করা হচ্ছে প্রাথমিক বিকল্প ধারণার সীমা বিকশিত করার ভিত্তি।

গল্পকথা কটন ও সংস্কৃতির অভিজ্ঞতা লাভ

অনেক চিত্তাকর্ষক গল্প আছে যেগুলি প্যাটারসনের ইতিহাস বুঝতে মানুষজনকে সাহায্য করতে পারে। যে সমস্ত মানুষ পার্কে বেড়াতে আসেন তাদের মধ্যে অনেকেই নিউ ইয়র্ক/নিউ জার্সি মেট্রোপলিটান অঞ্চলে বসবাস করেন, যা বহুবিধ বৈচিত্র্যে পরিপূর্ণ অঞ্চল।

- আপনার মতে বিভিন্ন বয়স এবং পটভূমির মানুষজনের জন্য পার্কে কি ধরনের চিত্তাকর্ষক, শিক্ষণীয় এবং উত্তেজক অভিজ্ঞতাসমূহ থাকা উচিৎ বলে মনে হয়?
- শারীরিকভাবে যারা এই পার্কে আসতে পারেন না তারা কিভাবে এই স্থানটি সম্বন্ধে জানতে ও তা অনুভব করতে পারবে বলে আপনার মনে হয়?
- সমস্ত দর্শনার্থীদের গতিশীল এবং পরিবর্তনশীল প্রযুক্তিগত বিশ্বকে শনাক্ত করিয়ে সর্বোৎকৃষ্ট হৃদয়ঙ্গম অভিজ্ঞতা জোগান দিতে সর্বোত্তম কি কি উপায় আছে?

পার্কটি খুঁজে পাওয়া

এই এলাকায় নতুন ও শহরের সঙ্গে অপরিচিত দর্শনার্থীরা নতুন জাতীয় উদ্যানের বিষয়ে কোথায় তথ্য পাওয়া যাবে সে ব্যাপারে বিভ্রান্ত হতে পারেন, বিশেষ করে সেখানে ঘোরা এবং কি কি দেখার আর করার আছে সে ব্যাপারে।

- বহু প্রবেশ পথ নিয়ে, আগত দর্শনার্থীদের কিভাবে ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক-এ ঘোরানো হবে ?
- এই পার্ক ও গ্রেট ফলস হিসটোরিক ডিস্ট্রিক্টের দিকে ও তার মধ্যে সর্বত্র আগতদেরকে চালিত করতে ব্যয়ভার বহনযোগ্যতা ও পারদর্শীতার বিচারে সবচেয়ে ভাল কি কি উপায় বর্তমান?
- গণ পরিবহন পরিষেবা প্রসারিত করতে, টেইল সংযোগসমূহ উন্নত করতে এবং পার্কে যেতে/পার্ক থেকে আসতে ও পার্কের মধ্যে বিকল্প মাধ্যমের উন্নতিতে সহায়তা করতে সঙ্গীদের সঙ্গে পার্কের ভূমিকা কি?



সুরক্ষার মূলকথা

প্যাটারসন গ্রেট ফলস এবং গ্রেট ফলস হিসটোরিক ডিস্ট্রিক্ট হচ্ছে জাতীয় গুরুত্বপূর্ণ স্থান। এই সম্পদগুলি প্রাকৃতিক ঘটনা, যেমন ক্যা এবং জনগণ ও নিকটবর্তী শিল্পের প্রাত্যহিক ক্রিয়াকলাপ ইত্যাদি থেকে পরিবর্তন অনুভব করে এবং এছাড়াও রয়েছে প্রতিদিনের ধাক্কা যা বছরের পর বছর ধরে জড়ো হতে থাকে।

- সেগুলির সংরক্ষণ নিশ্চিত করার উদ্দেশ্যে পার্কের মৌলিক ঐতিহ্যবাহী সম্পদ এবং ভূতাত্ত্বিক গঠন পরিচালনা করতে সর্বোত্তম উপায়গুলি কি কি?
- অন্যান্য গুরুত্বপূর্ণ সম্পদসমূহ দীর্ঘস্থায়ী ভাবে সুরক্ষিত রাখার জন্য উৎসাহিত করতে কি ধরনের অংশীদারীতে পার্ক লাভবান হতে পারে?
- প্যাসেইক নদী এবং হিসটোরিক ডিস্ট্রিক্টকে সুরক্ষিত রাখতে এনপিএস-এর ভূমিকা কি হওয়া উচিত?

দর্শনার্থীদের আরামসমূহ

অনেক দর্শনার্থীই নিরাপত্তা ও পার্ক পরিকাঠামোর ক্রমশ নিম্নগতি হওয়া এবং স্নানাগার ও পার্কিং স্থানের অপর্যাপ্ততার জন্য উদ্বেগ ব্যক্ত করেছেন। আরো বেশি করে ব্যবহারকারী আরাম উপলব্ধতার দাবি আছে - ছায়া, খেলার মাঠ, বেঞ্চ, বাইক রাখার জায়গা, পিকনিক এলাকা, জলের ফোয়ারা, বড় পারিবারিক দলের জন্য সুযোগ-সুবিধা, এবং পার্কিং।

- এনপিএস এবং অন্যান্যদের দ্বারা পরিচালনা করার জন্য কি স্তরের এবং প্রকৃতির দর্শনার্থী সুযোগ-সুবিধা যথোপযুক্ত হবে?
- উদ্যানে কি কি ধরনের পরিষেবা ও অভিজ্ঞতা পাওয়া উচিৎ?

জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যানিং-এর প্রচেষ্টার প্রথম পদক্ষেপ হল প্রতিষ্ঠানের তথ্যসমূহের উন্নয়ন। এই তথ্যই উদ্যানের উদ্দেশ্য, বৈশিষ্ট্য, মৌলিক সম্পদ ও মূল্য, প্রাথমিক ব্যাখ্যামূলক বিষয়বস্তু সহ প্রতিভাত করবে। যা এই উদ্যানের গুরুত্ব এবং জাতীয় ঐতিহাসিক পার্ক হিসেবে এর প্রতিষ্ঠার ওপর পার্কের পরিচালন ব্যবস্থাকে কেন্দ্রীভূত করতে সাহায্য করবে।

এন.পি.এস পুরাতাত্ত্বিক, ঐতিহাসিক, নৃকুলবিদ্, ব্যাখ্যা বিশারদ, এবং পরিকল্পনাকারীদের দলের সঙ্গে প্যাটারসন গ্রেট ফলস্ ফেডারেল অ্যাডভাইসরি কমিশন এবং সিটি অব প্যাটারসনের সদস্যরা সকলে মিলে ভিত্তিগত খসড়া দলিল প্রস্তুত করা হয়েছিল। এখন আমরা উদ্দেশ্য চূড়ান্তকরণ, বৈশিষ্ট্য, মৌলিক সম্পদ ও তার মূল্য এবং এলাকার ব্যাখ্যামূলক বিষয়বস্তুর ব্যাপারে আপনার সহায়তা কামনা করি।

উদ্দেশ্য

কংগ্রেস এবং / অথবা অন্যান্য প্রেসিডেন্টরা পার্ককে ন্যাশানাল পার্ক সিস্টেমের একটা ইউনিট হিসেবে কেন প্রতিষ্ঠা করেছেন তার সুনির্দিষ্ট কারণ বিবৃত হয়েছে। সমস্ত পরিকল্পনার প্রস্তাবনার সিদ্ধান্ত, কার্যকারিতা যা কিছু পরীক্ষিত হয়েছে, তার মৌলিক চাহিদাগুলি এই উদ্দেশ্য বিবৃতিতে দেওয়া হয়েছে।

প্যাটারসন গ্রেট ফলস ন্যাশানাল পার্কের উদ্দেশ্যগুলি হল-:

প্যাসাইক নদীর প্রাকৃতিক সৌন্দর্য ও শিল্পাঞ্চলে ভূ-চিত্র, যা এর অপরিসীম শক্তির ওপর ভিত্তি করে গড়ে উঠেছে, তার ব্যাখ্যা ও সংরক্ষণ। পার্ক ও তার আশপাশের ঐতিহাসিক জেলাগুলি প্রস্তুতকারক অঞ্চলের সাফল্যময় বিবর্তনকে প্রতিভাত করে যা দুই শতাব্দীরও বেশি সময় ধরে আমেরিকার জনগণের বৈচিত্র্য ও সৃষ্টিশীলতা থেকে গৃহীত হয়েছে।

গুরুত্ব

ব্যবস্থাপনা, সমীক্ষা, সামাজিক দায়বদ্ধতা, বৈচিত্র্যের ব্যাখ্যা পার্কের সম্পদ ও তার মূল্যের গুরুত্ব বিবৃত করে, যার দ্বারা প্রয়োগ ও জ্ঞান অর্জন করা হয়েছে। উদ্দেশ্য ও বৈচিত্র্যের বিবৃতি ব্যবহৃত হয়েছে পরিকল্পনা ও ব্যবস্থাপনার সিদ্ধান্তের ক্ষেত্রে পথ প্রদর্শকরূপে, যা কিনা কংগ্রেস ও প্রেসিডেন্টের ইচ্ছেতে সংরক্ষণ সম্পদ ও তার মূল্য, সুনিশ্চিত করে।

গুরুত্বের বিবৃতি (ক)- প্যাসাইক নদীর গ্রেট ফলস তার প্রাকৃতিক খাদ, ৭৫ ফুট জলপ্রপাত সমেত এক অনবদ্য বিনোদনমূলক নৈসর্গিক দৃশ্য সম্বলিত এবং শিল্পাঞ্চল শহরের প্রাকৃতিক সম্পদ স্বরূপ।

গুরুত্বের বিবৃতি (খ)- প্যাটারসন গ্রেট ফলস এন এইচ পি এবং এই ঐতিহাসিক জেলা গ্রেট ফলস থেকে উৎপন্ন সম্পূর্ণ জলবিদ্যুৎ ব্যবস্থা, যা একে কারখানা ও সম্প্রদায়ের প্রয়োজনে শক্তিতে রূপান্তরিত করে, তা দেখার সব থেকে সেরা সুবিধা প্রদান করে।

গুরুত্বের বিবৃতি (গ)- প্যাটারসনের রেসওয়ে ব্যবস্থা আমেরিকাকে একটি গুরুত্বপূর্ণ শিল্পকেন্দ্রিক জাতি হিসেবে দেশের লড়াইয়ের সাথে তার উদ্ভাবন কুশলতারও প্রমাণ দেয়। রেসওয়ে ব্যবস্থা শহরের শিল্পের অতীতকে জানার অভূতপূর্ব সুযোগ দেয় এবং এর শিল্প থেকে সামাজিক ব্যবহারে পরিবর্তনকে উপলব্ধি করতে সাহায্য করে।

গুরুত্বের বিবৃতি (ঘ)- প্যাটারসনের প্রধান প্রস্তুতকারক সংস্থাগুলির শিল্পোদ্যোগের অভিনবত্ব শহরকে সমৃদ্ধিশালী করেছে এবং দীর্ঘ সময় ধরে চলে আসা শিল্পকেন্দ্রিক ব্যবহারকে আজও বিকশিত করে চলেছে।

গুরুত্বের বিবৃতি (ঙ)- প্যাটারসনের সাফল্য অভিবাসীদের একটি বৃহৎ অংশ, যাদের সৃষ্টিশীলতা ও অভিজ্ঞতা আছে যারা শহরে একটু উন্নত জীবনযাত্রা চাইছেন তাদের মধ্যে স্বীকৃত হতে পারে, এটি একটি প্রথা যা শহরের ইতিহাসে চিরকাল চলে আসছে।

মৌলিক সম্পদসমূহ

মৌলিক সম্পদসমূহ এবং মহত্ত্বগুলি হচ্ছে বিভিন্ন বৈশিষ্ট, পদ্ধতি, প্রক্রিয়া, অভিজ্ঞতা, গল্পকথা, নৈসর্গিক দৃশ্য, শব্দ অথবা পরিকল্পনা এবং ব্যবস্থাপনার সময়ে প্রাথমিক বিবেচনা উদ্ভাসিত করতে নির্ধারিত অন্যান্য সম্পদ এবং মহত্ত্বসমূহ ধারণ পার্কের উদ্দেশ্য অর্জন করতে এবং এর গুরুত্ব রক্ষণাবেক্ষণ করতে এগুলি চরমভাবে অত্যাবশ্যকীয়। এই সম্পদ এবং মহত্ত্বগুলির সম্মিলিতভাবে পার্কের মূলভাব অন্তর্ভুক্ত করা উচিত।

ভূতাত্ত্বিক গঠন এবং বৈশিষ্টসমূহ - প্যাসাইক গ্রেট ফলস-কে ১৯৬৭ সালে একটি জাতীয় প্রাকৃতিক ভূ-চিহ্ন হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে; ওয়াচুঙ কোলিক লাভা প্রবাহের দ্বারা সৃষ্টির কারণে এটি গুরুত্বপূর্ণ। জলপ্রপাতটির ভূতাত্ত্বিক গঠন প্রাকৃতিকভাবে গঠিত একটি গহ্বরের মধ্যে একটি অসাধারণ ৭৫ ফুট পতন সৃষ্টি করেছে।

জলজ ভাণ্ডার এবং বৈশিষ্টসমূহ- প্যাসাইক নদী হচ্ছে গ্রেট সোয়াম্প অঞ্চলের প্রধান জলনিকাশি ব্যবস্থা যেটি নর্দার্ন নিউ জার্সীর বুক চিরে বয়ে চলেছে এবং অন্তিম পরিণতিতে প্যাটারসনের গ্রেট ফলস-এ গিয়ে আছড়ে পড়ছে। সিটি অফ প্যাটারসনকে যেমনভাবে পরিকল্পনা করা হয়েছিল তাতে এই প্রবাহিত জলই ছিল শিল্পসংক্রান্ত উন্নয়নের মেরুদন্ড এবং এই প্রবাহিত জল আজও শক্তি সরবরাহ করে চলেছে। এছাড়া অন্যথায় একটি শিল্পময় শহরকে নদীটি বাস্তুগত এবং প্রমোদমূলক মূল্য জোগান দেয়।

ঐতিহাসিক গঠনসমূহ এবং ধ্বংসাবশেষ- প্যাটারসন গ্রেট ফলস এনএইচপি-এর ঐতিহাসিক কাঠামোসমূহ এবং কাঠামোসমূহের ধ্বংসাবশেষ, এর মধ্যে আছে সোসাইটি অফ ইউজফুল ম্যানুফ্যাকচারার্স (এসইউএম) ভবন, অ্যালায়েড টেক্সটাইল প্ল্যান্ট (এটিপি) সাইট (কোল্ট গান মিল ধ্বংসাবশেষ সহ), হাইড্রোইলেকট্রিসিটি স্কিম প্ল্যান্ট ধ্বংসাবশেষ/ভিত্তি, এবং ইভানহো হুইলহাউস, পার্কের শিল্পসংক্রান্ত ঘটনার ইতিহাস প্রকাশ করে।

রেসওয়ে সিস্টেম - প্যাটারসনের রেসওয়ে সিস্টেমগুলি (গেট হাউসসমূহ; হুইলহাউসগুলি; উচ্চ, মধ্য, এবং নিম্ন রেসওয়েসমূহ; স্পিলওয়েসমূহ, আউটফলস) দর্শকদের একটি সম্পূর্ণ দৃষ্টি এবং সিস্টেমটি সামগ্রিকভাবে কিভাবে কাজ করে ও শিল্পগত ভূমণ্ডলের বৃহত্তর হাইড্রোপাওয়ার গ্রিডে স্থাপিত হয় সে সংক্রান্ত বোধগম্যতা প্রদান করে।

শিল্পগত ভূমি-গঠন দৃশ্যসমূহ- পার্কের মধ্যেকার ভূ-গঠন আগন্তুকদেরকে বসতি এবং শিল্পসংক্রান্ত উন্নয়ন নকশা প্রতিফলিত করে শিল্পসংক্রান্ত ভৌগলিক গঠনতার কুসুমুখী চিত্র দর্শনের অবকাশ প্রদান করে।

প্রাকৃতিক নৈসর্গিক দর্শন/বিন্যাস- গ্রেট ফলস এবং এর চারপাশের প্রাকৃতিক ভূ-চিত্রের বিস্ময়কারী দর্শন শিল্প শহরের কৃত্রিমভাবে রচিত ভূ-গঠনের বৈপরীত্যে প্রকৃতির স্বাভাবিক সৌন্দর্য এক ঝলক দেখার সুযোগ করে দেয়।

ফলস-এর অনুভবীয় উপাদানসমূহ- ফলস-এর ওপর পড়া জলের বজ্রময় আওয়াজ শোনার অভিজ্ঞতা, গহ্বরে আঘাত খেয়ে পড়া জল থেকে উৎপন্ন জলের ফেনা অনুভব করা, নদী বেয়ে জলের ঘুরপাক খেতে খেতে চলে যাওয়ার দৃশ্য অবলোকন করা আগন্তুকদেরকে প্রবাহিত জলের ক্ষমতা বুঝতে সাহায্য করে।

অন্যান্য গুরুত্বপূর্ণ সম্পদসমূহ

পার্ক সম্পদসমূহ যেগুলি পার্কের উদ্দেশ্যজনিত কারণে এবং গুরুত্বে মৌলিক নয় কিন্তু সেগুলিকে গুরুত্বপূর্ণ হতে নির্ধারণ করা হয়েছে।

প্রাকৃতিক সম্পদসমূহ- জল সম্পদসমূহ, প্রজাতি, দৃষ্টান্তমূলক প্রাকৃতিক সম্প্রদায়, ঝিল গাছপালা।

ঐতিহাসিক মিল ভবনসমূহ- প্যাটারসন হিসটোরিক ডিসট্রিক্টের মধ্যে অবস্থিত অসংখ্য ঐতিহাসিক মিল ভবনসমূহ শহরের শিল্পসংক্রান্ত উন্নয়নের অবিচ্ছেদ্য অঙ্গ ছিল। রেসওয়ে এবং নদীর ধার বরাবর অতি ঘনভাবে নির্মিত কারখানাগুলি উনিশ শতকের একটি শিল্প শহরের সাফল্যের উদাহরণ তুলে ধরে।

কল-কারখানা আধারিত সম্প্রদায়সমূহ- প্যাটারসনের সাফল্য প্রধানত রচিত হয়েছিল এর নাগরিকগণ কর্তৃক যাদের অধিকাংশই ছিল আরো ভালো জীবন খুঁজে বেড়ানো বহিরাগত, এদের উদ্ভাবনী, উদ্যোগতা বিচারধারার ওপরই সব নির্ভর ছিল। কল-কারখানা ভবন, সম্প্রদায় কেন্দ্র, এবং আমোদ-প্রমোদ নিমিত্ত স্থানসমূহ আগতদের সামনে ১৯শ এবং ২০শ শতাব্দীর কারখানার শ্রমিকদের আদর্শ জীবনযাত্রার একটি সম্যক ধারণা তুলে ধরে।

জাদুঘর সংগ্রহসমূহ- জিনিসপত্র এবং শিল্পকর্মসমূহ যেগুলি প্রদর্শন করে প্যাটারসনে ব্যবহৃত উৎপাদন যন্ত্রপাতির অভ্যন্তরীন-ক্রিয়াশীলতা, প্যাটারসন কারখানাগুলিতে উৎপাদিত দ্রব্য-সামগ্রী, কারখানা শ্রমিকদের ব্যক্তিগত শিল্পকর্মসমূহ।

ব্যাখ্যামূলক ভাবনাসমূহ

প্রাথমিক ব্যাখ্যামূলক ভাবনাসমূহ অন্তর্নিহিত অর্থ উদ্ধার করতে সাধারণ ধারণাসমূহ কানা করে, এগুলি পার্কের সম্পদসমূহকে বুঝতে এবং সেগুলির মূল্যায়ন করতে মানুষজন ও দর্শনার্থীদের সুযোগ প্রদান করে।

গ্রেট ফলস্ শক্তি ও অনুপ্রেরণার উৎস - প্যাটারসনের মধ্যস্থলে গ্রেট ফলস্ বহু মানুষকে আকর্ষণ করেছে (হাজার হাজার বছর ধরে) এবং তাঁদের অনুপ্রাণিত করেছে - তার প্রাকৃতিক সৌন্দর্য ও তার প্রতিশ্রুত শক্তি উভয় কারণেই।

অর্থনৈতিক দুরদৃষ্টি ও উত্তরাধিকার - আলেকজান্ডার হ্যামিলটনের দূরদৃষ্টি ভিত্তিতে এটি স্থাপিত হয়েছিল যে দৃষ্টি দেখাতো যে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বাধীনতা এবং স্বশ্রীয়তা একটি উৎপাদন অর্থব্যবস্থার ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হবে যা শিল্পের বৈচিত্র্য, প্রতিভার বিবিধতা, প্রযুক্তিগত আবিষ্কার, শিল্প ও অভিবাসনের জোয়ার, এবং বিস্ফোরণের চক্রসমূহের মধ্যে দিয়ে জনগণের জন্য একটি উন্নত জীবনের অঙ্গীকার করে, প্যাটারসন এই দুরদৃষ্টিকে সংজ্ঞায়িত, পরিমার্জিত করেছিল ও দুই দশকেরও বেশি সময় ধরে পুনরাবিষ্কার করেছিল।

শিল্প ও পরিবর্তনমূলক অর্থনীতির চক্র - প্যাটারসন যেখানে মার্কিন যুক্তরাষ্ট্রের শিল্পের শুরু চিহ্নিত করে, এর ভূদৃশ্য আমেরিকান শিল্পায়ন ও বিশিল্পায়ন এবং ইউরোপীয় অভিবাসন ও মার্কিন যুক্তরাষ্ট্রের উৎপাদন শিল্পের একটি "অপরিকল্পিত সমাপ্তি"র গল্প বলে।

জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যানিং একটি মুক্ত, সুপরিকল্পিত সিদ্ধান্ত নিতে সহায়তা দেয় যা উৎসাহব্যঞ্জক, এবং বিভিন্ন পরামর্শ ও বিভিন্ন দল ও ব্যক্তিবর্গের মন্তব্যগুলিকে গুরুত্ব দেয়। এই জি এম পি-র বিভিন্ন লক্ষ্যগুলির একটি হল উদ্যান ও তার ভবিষ্যৎ নিয়ে উৎসাহী প্রতিষ্ঠান, এজেন্সী এবং ব্যক্তিদের সঙ্গে চিরস্থায়ী সম্পর্ক তৈরি ও প্রতিপালন করা।

জি.এম.পি-র মূলে আছে সেই বিকল্পগুলি যেগুলি প্যাটারসন গ্রেট ফলসের ব্যবস্থাপনার জন্য বিভিন্ন পছন্দ প্রদান করে। পার্কের ভবিষ্যৎ ব্যাপারে আপনার পরিকল্পনা, চাহিদা ও সচেতনতা আমাদের কাছে খুবই মূল্যবান এবং সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সেগুলি সযত্নে ভাবা হবে। সর্বশ্রেষ্ঠ ভবিষ্যৎ গঠনের ক্ষেত্রে এইসব মন্তব্য ও পরামর্শগুলি অভিজ্ঞ ও বিজ্ঞানভিত্তিক তথ্য ও বিশ্লেষণের সাথে সাযুজ্য বজায় রেখেছে। আমরা আপনাদের কাছে যা শিখেছি তা গ্রহণ করব এবং ব্যবস্থাপনার সেই বিকল্পগুলি বিকশিত করব যেগুলি জানায় উদ্যানটি আগামী ১০-২০ বছর কিভাবে চালানো উচিৎ।

জি.এম.পি অবশ্যই ন্যাশানাল এনভায়রনমেন্ট পলিসি অ্যাক্টের (এন.ই.পি.এ) সঙ্গে সহমত হবে। এর অর্থ পার্ক ও তার পারিপার্শ্বিক এলাকার সামাজিক সাংস্কৃতিক ও প্রাকৃতিক পরিবেশের ব্যাপারেও ভাবা হবে। পার্কের ভবিষ্যৎ প্রসঙ্গে যাবতীয় পরামর্শ, বিকল্প ও প্রভাবগুলি লিখিত তথ্যের আকারে রাখা হবে যাতে আপনি প্রয়োজনে তা পড়তে এবং সে বিষয়ে মন্তব্য করতে পারেন। সমস্ত মন্তব্যগুলি পাওয়ার ও বিবেচনা করার পর আমরা পার্কের ভবিষ্যতের জন্য সর্বশ্রেষ্ঠটি বেছে নেব। পরিকল্পনা পদ্ধতির একটি সংক্ষেপ, সময়সীমা এবং আপনার অংশগ্রহণের নিয়মের তালিকা নীচে দেওয়া হল।

সংযুক্ত থাকা

এই সমস্ত পদ্ধতির ক্ষেত্রে আপনার নিবেশ খুবই গুরুত্বপূর্ণ। আপনার মন্তব্য ও পরামর্শ প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিকাল পার্কের ব্যবস্থাপনার বিকল্পগুলি সৃষ্টি করা ও পরিমার্জিত করার ক্ষেত্রে এন.পি.এস-কে সাহায্য করবে। আপনাদের পুনর্বিবেচনার জন্য প্রাথমিক বিকল্পগুলি উপস্থাপন করতে আমরা এই শীতে অতিরিক্ত ওপেন হাউসের ব্যবস্থা করব। আমরা আশা করি আপনি আমাদের সঙ্গে যুক্ত হয়ে আপনার চিন্তাভাবনা ও ধ্যানধারণা ভাগ করে নেবেন। আগামী সভাগুলির ঘোষণা জানতে অনুগ্রহ করে মাঝে মাঝে আমাদের উদ্যানের ওয়েবসাইট (www.nps.gov/pagr) এবং পরিকল্পনা সংক্রান্ত ওয়েবসাইট (parkplanning.nps.gov/pagr) দেখুন। নিশ্চয়ই দেখা হবে!

আমাদের ওয়েবসাইটে নতুন কিছু যুক্ত হলে জানতে চান? বৈদ্যুতিন মেইলিং তালিকায় যোগ দিন। ই-ব্লাস্ট পেতে উদ্যানের ওয়েবসাইটে সাইন-আপ করুন। ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক টুইটারেও রয়েছে। আপনি টুইটারে আমাদের অনুসরণ করতে পারেন www.twitter.com/GreatFallsNPS

সাধারণ সময়সীমা	পরিকল্পনাকালীন সময়সীমা	আপনি কিভাবে যুক্ত হতে পারেন
হেমন্ত ২০১১ - শীত ২০১২	সুযোগ - পরামর্শ, চাহিদা এবং পার্কের সাথে প্রশাসন, সাধারণ মানুষ, এজেন্সি ও অন্যান্য অংশীদারদের সম্পর্ক বিষয়ে মন্তব্য।	• নিউজলেটার পুনর্বিশ্লেষণ এবং ওয়েবসাইট তথ্য • খোলা অধিবেশনে যোগদান • আমাদের মন্তব্য ও পরামর্শ পাঠান
গ্রীষ্ম - হেমন্ত ২০১২	ভিত্তি ও পরিকল্পনা সংক্রান্ত প্রশ্ন - উদ্যানের উদ্দেশ্য, বৈশিষ্ট, মৌলিক সম্পদসমূহ এবং প্রাথমিক বিষয়বস্তু সুনিশ্চিত করা এবং পরিকল্পনা ও সম্পদের পরিস্থিতি চিহ্নিতকরণ।	• নিউজলেটার ও ওয়েবসাইটের তথ্যের পর্যালোচনা করুন। • আমাদের মন্তব্য ও পরামর্শ পাঠান
শীত ২০১৩	প্রাথমিক বিকল্পগুলির উপস্থাপন ও উন্নয়ন - পার্কের জন্য বিভিন্ন সম্ভাব্য বিকল্পের রূপরেখা নির্মাণ এবং জনসাধারণ, অংশীদার, সরকারি এজেন্সি এবং অংশীদারদের মন্তব্য ও পর্যালোচনা প্রদান।	• নিউজলেটার ও ওয়েবসাইটের তথ্যের পর্যালোচনা করুন। • মুক্ত অধিবেশনের আলোচনাচক্রে অংশগ্রহণ করুন। • ড্রাফটের বিকল্প বিষয়ে মতামত দিন।
গ্রীষ্ম ২০১৩	ড্রাফট জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যান / এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট (ড্রাফট জি এম পি/ই আই এস) তৈরি ও বন্টন জনসাধারণ, অংশীদার, সরকারি এজেন্সি এবং অন্যান্য অংশীদারের মন্তব্য ও পর্যালোচনা।	• ড্রাফট জি এম পি- ই আই এস পর্যালোচনা করুন। • মুক্ত অধিবেশনে অংশ নিন। • আপনাদের লিখিত মন্তব্যের আদান প্রদান করুন।
হেমন্ত ২০১৩	ড্রাফট প্ল্যানের পর্যালোচনা ও চূড়ান্ত জেনারেল ম্যানেজমেন্ট প্ল্যান/ এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট স্টেটমেন্ট (চূড়ান্ত জি এম পি/ ই আই এস)	• চূড়ান্ত জি এম পি - ই আই এস পর্যালোচনা
শীত ২০১৩	অনুমোদিত পরিকল্পনার বাস্তবায়ন- "সিদ্ধান্তের বিবরণ"- প্রস্তুত ও প্রকাশ এবং তহবিল সমর্থিত পরিকল্পনার বাস্তবায়ন।	• পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা দান।

ন্যাশনাল পার্ক সার্ভিস ও প্যাটারসন গ্রেট ফলস ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক অনেকগুলি অসাধারণ আলোকচিত্র গ্রহণের জন্য আডালি ফোটোগ্রাফি, জাখ হনরফ, এবং ড্যানিয়েল সি. ক্রেবস্-এর কাছে কৃতজ্ঞ।

ন্যাশ্‌নাল পার্ক সার্ভিস
ইউ.এস. ডিপার্টমেন্ট অব দ্য ইন্টিরিয়র
প্যাটারসন গ্রেট ফলস ন্যাশ্‌নাল হিস্টোরিকাল পার্ক
72 McBride Avenue Extension
Paterson, NJ 07501

এই নিউজলেটারটি ন্যাশ্‌নাল পার্ক সার্ভিস, প্যাটারসন গ্রেট ফলস ন্যাশ্‌নাল হিস্টোরিকাল পার্ক-এর একটি প্রকাশনা। অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন পরিদর্শক, প্যাটারসন গ্রেট ফলস ন্যাশ্‌নাল হিস্টোরিকাল পার্ক, ৭২ ম্যাকব্রাইড অ্যাভিনিউ এক্সটেনশন, প্যাটারসন, এনজে ০৭৫০১; বা আমাদের ই-মেল করুন এই ঠিকানায়: pagr_gmp@nps.gov.

ওয়েবে আমাদের দেখুন এখানে: www.nps.gov/pagr

প্যাটারসন গ্রেট ফলস্ ন্যাশনাল হিস্টোরিকাল পার্ক-এর প্রথম বর্ষ উদ্‌যাপন!